দৈনিক বাংলা

তারিখ ...২৪ FEB 1990
পৃষ্ঠা... ৭ ...কলাম ২

৩৭

২৮

জনসংখ্যা নিয়ন্ত্রণ জাতীয় পরিষদ নির্বাহী কমিটির বৈঠক

# পরিবার পরিকল্পনা কর্মসূচীতে শিক্ষকদের যুক্ত করার সিদ্ধান্ত

জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্পর্কিত জাতীয় কাউন্সিলের নির্বাহী কমিটির দ্বিতীয় বৈঠকে পরিবার পরিকল্পনা কর্মসূচীর কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষকদের সংশ্লিষ্ট করাসহ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

মঙ্গলবার প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটিকক্ষে অনুষ্ঠিত এই বৈঠকে ৪৮–সদস্যের কমিটির প্রথম বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

বৈঠকে জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্পর্কিত জাতীয় কাউন্সিলের দ্বিতীয় বৈঠকের সুপারিশসমূহ বিবেচনা করে দেখা হয়।

প্রেসিডেন্ট এরশাদ ৩৮৮ সদস্যের এই জাতীয় কাউন্সিল গঠন করেন।

বাসসর খবরে বলা হয়, বৈঠকের শুরুতেই স্বাস্থ্যমন্ত্রী ডাঃ আজিজুর রহমান নির্বাহী কমিটির প্রথম বৈঠকের সিদ্ধান্তগুলো বাস্তবায়িত করা হয়েছে বলে জানান। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সচিব জাতীয় কাউন্সিলের দ্বিতীয় বৈঠকের সুপারিশমালার সারসংক্ষেপ তুলে ধরেন।

মঙ্গলবার নির্বাহী কমিটির এই বৈঠকে অংশগ্রহণ করেন ভাইস প্রেসিডেন্ট মওদুদ আহমদ, প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, মন্ত্রিবর্গ, জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা, সচিববর্গ ও সংসদ সদস্যবৃন্দ এবং পেশাদার গ্রুপগুলোর প্রতিনিধিবর্গ।

বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয় যে পরিবার পরিকল্পনা বিষয়ে পবিত্র কালা–

(৫–এর পৃঃ দ্রঃ)